Share with

দেশি হুইস্পার DESHI WHISPER Billingual Newsletter

DESHI WHISPER BNZFS'S MONTHLY PUBLICATION

ISSN:2815-7931

Volume 1, Issue 7 | Auckland, New Zealand | শনিবার |৬ই ভাদ্র ১৪২৮ | Saturday | 21st August, 2021

এই সংখ্যায় থাকছে (CONTENT):

১	সম্পাদকীয় ও কোভিড
২	রিপোর্টঃ সোসাইটির ৩০বছর উদ্‌যাপন
৩	নিউজিল্যান্ড সংবাদ
৪	টুকিটাকি সংবাদ ও অন্যান্য

নিউজিল্যান্ডে নতুন কোভিড ১৯ ডেল্টা ভেরিয়েন্টের প্রাদুর্ভাবে আইসোলেন সম্পর্কে আপনার করনীয় জেনে নিনঃ

সম্প্রতি স্বাস্থ্য মহাপরিচালক ডাঃ অ্যাসলি ব্লুমফিল্ড সবাইকে আইসোলেশনের জনস্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বিশেষ নির্দেশ দিয়েছেন।অদ্যাবধি ৩৬০ জনের মতো কোভিড-১৯ ভাইরাসে আক্রান্তের সংস্পর্শে আসা ব্যাক্তিদের সনাক্ত করা হয়েছে। নিয়মনুযায়ী এসকল ব্যাক্তিদেরকে সতর্কীকরন-৪ এর আওতায় প্রতিজনকে আলাদাভাবে আইসোলেশন করতে হবে। তবে এরমানে এই নয় যে তারা নিজেদের আবাসস্থলের নিজস্ব বাব্‌ল থেকে আলাদা থাকতে হবে। বড় চিহ্নিত এলাকাগুলো যেমন অ্যাভেন্ডল কলেজ বা অকল্যান্ড চার্চ অব ক্রাইস্ট থেকে এই ৩৬০জন সম্পূর্ন আলাদা। এই দুইটি এলাকায় এখনো অনুসন্ধান চলছে। এখনো যারা কোভিড-১৯ চিহ্নিত এলাকায় ভ্রমন করেছেন কিন্তু আইসোলেশন করেন নাই তাদেরকে অচিরেই আইসোলেশনে থাকার জন্য নির্দেশ দেয়া হচ্ছে। ডাঃ ব্লুমফিল্ড বলেন, জনস্বাস্থ্য আইনের ৭০ ধারা মোতাবেক প্রতিটি ব্যাক্তি যারা কোভিড-১৯ চিহ্নিত এলাকা্র সংস্পর্শে এসেছিলেন তাদের বাধ্যতামূলকভাবে আইসোলেশনে থাকতে যতক্ষন না তাদের কোভিড-১৯ টেস্ট নেগেটিভ আসে। আবাসস্থলের জন্য জনস্বাস্থ্যের অন্যধারা ৭০-এর আওতায় অন্যান্য সকলকে আইসোলেশেন থাকতে হবে। আবাসস্থলের যে ব্যক্তি চিহ্নিত এলাকার সংস্পর্শে এসেছেন সে যদি জরুরী কাজের কর্মী হন তবে তাকে ৫ দিনের মাথায় কোভিড টেস্ট নেগেটিভ আসা পর্যন্ত অপেক্ষা করতে হবে।

নিউজিল্যান্ড এলার্ট লেভেল ৪

১। ঘরে থাকুন- প্রতিটি মানুষ বাধ্যতামূলকভাবে ঘরে থাকুন।।

২। প্রয়োজনীয় কেনাকাটা বা জরুরী কাজে ঘর থেকে বের হলে বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করুন।

৩। সুপার মার্কেট, ডেইরী, ফর্মাসী, ফুড ব্যাঙ্ক খোলা- সম্ভবহলে প্রতিঘর থেকে একজন খাবার কেনা বা শপিং-এর জন্য বাইরে যান।

৪। বাইরে বের হলে সর্বদা ২মিঃ ডিস্টান্স মেনে চলুন ও মাস্ক ব্যবহার করুন।

৫। সবধরনের জনসমাগম, ঘরে-বাইরে দাওয়াত, ইভেন্ট বা গেট টুগেদার বন্ধ।

৬। পাব্লিক ট্রান্সপোর্ট ও টেক্সি শুধুমাত্র জরুরী কাজে নিয়োজিত লোকদের যাতায়াতের জন্য। প্রাইভেট ভেহিকেল শুধুমাত্র জরুরী কাজে যাওয়ার জন্য।

৭। ঘর থেকে একেবারেই বের হবেন না যদি আপনি সেলফ আইসোলেশনে থাকেন, কোভিড-১৯এর সিম্পটন আছে বা কোভিড-১৯ পরীক্ষার ফলের জন্য অপেক্ষা করছেন। ফোনঃ ০৮০০-৩৫৮-৫৪৫৩

সম্পাদকীয়

এই লেখাটি লেখার সময়ে, নিউজিল্যান্ডে লেভেল ৪ লকডাইন চলছে। ১৭ই আগস্ট দুপুর ১টায় ডেভেনপোর্টের এক ব্যাক্তি অসুস্থবোধ করলে কোভিড-১৯ পরীক্ষায় পজিটিভ আসলে সরকার তৎক্ষনাৎ সিদ্ধান্ত নেন এর প্রকোপ প্রতিকারের। সরকার ঐদিন বিকেলে কড়া লকডাইনের সিদ্ধান্ত নেন। সেই মোতাবেক ১৭ই আগস্ট রাত ১১.৫৯মিঃ থেকে ৭ দিনের জন্য লেভেল ৪ লকডাইন ঘোষনা করা হয়। এর ফলে অনেক কমিউনিটি প্রোগ্রাম বাতিল হয়ে যায়। সোসাইটির ২১আগস্টের নির্ধারিত সাইবার সিকিউরিটির উপর সেমিনারটি বাতিল করা হয়। এই সেমিনারটি সময়োপযোগী ও বর্তমান পরিস্থিতে এর ব্যবহার সম্পর্কে সম্যক ধারনা থাকা যারা অন্তর্জাল ব্যবহার করেন তাদের জন্য বাঞ্ছনীয়। সোসাইটি এই সেমিনারটি লকডাইন শেষ হলে আবার পুননির্ধারন করবেন।

গত মাসে ঈদ-উল-আজহা উদ্‌যাপন হলো। সবাইকে ঈদের শুভেচ্ছা। এই ঈদে বেশিরভাগ বাংলাদেশীরা তাদের ব্যাক্তিগত উদ্যোগে নিজ নিজ ব্যাবস্থায় কোরবানীর ব্যবস্থা করেছেন। বান্‌জী এ উপলক্ষে তাদের তত্বাবধানে একটি সুষ্ঠু ঈদের জামাতের ব্যবস্থা করেছিলেন। এই ঈদের পরেই, ২৫শে জুলাই, রকেট পার্ক হলে সোসাইটি তাদের ৩০ বছরের পূর্তি উদ্‌যাপন করেন। এ উপলক্ষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনেকদিন পর নিউজিল্যান্ডে এমন একটি নির্মল অনুষ্ঠান দর্শকরা প্রানভরে উপভোগ করেন।

জুন থেকে আগস্ট মাস ছিলো খেলাধুলার জগতে বাংলাদেশ ও নিউজিল্যান্ডের জন্য মূলত একটি স্মরণীয় সময়। সম্প্রতি শেষ হয়ে গেল প্রথম আইসিসি ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশীপ। রোজ বউল, সাইথহ্যাম্পটনে অনুষ্ঠিত এই চ্যাম্পিয়নশীপের ফাইনাল খেলায় নিউজিল্যান্ডের ব্লাকক্যাপস্‌ দলটি ভারতীয় দলকে সংরক্ষিত দিনের খেলায় হারিয়ে প্রথম টেস্ট চ্যাম্পিয়নশীপের শিরোপা অর্জন করেন। নির্ধারিত ২০২০ সালের অলিম্পিক কোভিডের কারনে বাতিল হয়ে সম্প্রতি ২৪শে জুলাই থেকে ৮ই আগস্ট ২০২১-এ টোকিওতে সম্পন্ন হয়। নিউজিল্যান্ড ১১২জন পুরুষ ও ১০০ জন মহিলাসহ ২১২জনের দল নিয়ে ২১টিরও বেশী ইভেন্টে এই অলিম্পিকে অংশগ্রহন করেন। এই অলিম্পিকে নিউজিল্যান্ড ৭টি স্বর্নসহ মোট ২০টি পদক অর্জন করেন যা এখন পর্যন্ত নিউজিল্যান্ডের সর্বোচ্চ অর্জিত অলিম্পিক পদকের সংখ্যা। এর মধ্যে ৫টি আসে রোয়িং থেকে, তিনটি আসে কেনোয়িং থেকে এবং দুটি করে আসে রাগবি সেভেন্স, সাইক্লিং ও অ্যাথলেটক্‌স থেকে। একটি করে আসে সেইলিং, গলফ, বক্সিং, ট্রাম্পোলিং, টেনিস ও ট্রায়াথলোন থেকে। লিসা ক্যারিংটন হলো সবচেয়ে সফল অলিম্পিয়ান যিনি তিনটি স্বর্নপদক পান। অন্যদিকে বাংলাদেশ ক্রিকেট দল সফরকারী আস্ট্রেলিয়ার জাতীয় দলকে ৫ সিরিজের ট-টুয়েন্টি খেলায় ৪-১-এ পরাজিত করে সিরিজ বিজয়ী হয়েছে।

এবারের দেশী হুইস্পারে নিউজিল্যান্ডের অলিম্পিক ও টেস্ট চ্যাম্পিয়ানের কিছু ছবিসহ সোসাইটির ৩০ বছর উদযাপন অনুষ্ঠানের কিছু ছবি ঠাই পেয়েছে। এই ছবিগুলো সোসাইটির ওয়েভ পেজে পর্যায়ক্রমে পোষ্ট করা হবে। পাঠকদের প্রতি শনিবার সন্ধ্যা ৬.৪৫মিনিটে রেডিও একতারা শোনার জন্য প্লানেট ১০৪.৬ এফএম ব্যান্ডে টিউন করার জন্য অনুরোধ করা হচ্ছে। পুরানো অনুষ্ঠানগুলো প্লানেট রেডিওর ওয়েভ সাইটে শোনা যাবে। আয়োজন ও দেশী হুইস্পারের জন্য লেখা আহবান করা হচ্ছে। বাংলাদেশী সংগঠনের গোড়াপত্তনের ধারাবাহিকটির শেষ পর্বটি আগামী সংখ্যায় প্রকাশ করা হবে।

সকলকে কোভিড লকডাইনের নিয়মকানুন মেনে চলার আহবান জানাচ্ছি। সরকার ৪০ বছরের উপর যাদের বয়স তাদের জন্য ভ্যাক্সিন উন্মুক্ত করেছেন। আপনি এখনো ভ্যাক্সিন না নিয়ে থাকলে ভ্যাক্সিন নেয়ার ব্যবস্থা করুন। সবাই ভালো থাকুন।।

রিপোর্টঃ বাংলাদেশ নিউজিল্যান্ড ফ্রেন্ডশীপ সোসাইটির ৩০ বছর উদ্‌যাপন

সম্প্রতি বাংলাদেশ নিউজিল্যান্ড ফ্রেন্ডশীপ সোসাইটি ইন্‌ক তাদের ৩০তম বার্ষিকী উদযাপন করেছেন। ঠিক একই দিনে ২৫ শে জুলাই ১৯৯১ সালে বেশ কিছু বাংলাদেশী অভিবাসী নিয়ে বর্তমান প্যাট্রন ও সাবেক নিউল্যান্ডস্থিত বাংলাদেশের অবৈতনিক কনসুলার মিঃ আতাউর রহমানের নেতৃত্বে সোসাইটির শুভ যাত্রা শুরু করে। এক এক করে গত ত্রিশ বছর বহু চড়াই উৎরাই পার করে সোসাইটি তার বহুবিধ কার্যক্রমের মাধ্যমে নিউজিল্যান্ডে বাংলাদেশিদের ভাবমূত্র উন্নত রেখেছে এবং গুনগতমানে সুচারু নেতৃত্তের পরিচয়ে পরচিত করেছেন। এই সন্মানজনক উত্তরনে সোসাইটির বহু নেতা ও কর্মীদের ৩০তম বার্ষিকী



(উপরের ডান দিক থেকেঃ মিঃ আতাউর রহমান- ১৯৯১ থেকে ১৯৯৫ এবং ২০০০ থেকে ২০০৩, ডাঃ ইকবাল আহমেদ চৌধুরী- ১৯৯৬ থেকে ১৯৯৭, মিঃ গোলাম সরকার খান-১৯৯৮, মিঃ আব্দুল মোত্তালেব-১৯৯৯, ডাঃ একরামুল হক- ২০০৪ থেকে ২০০৬ এবং ২০০৮, ডাঃ জামিল আহমেদ-২০০৭ ও ডাঃ মোহাম্মদ ইসলাম সাখু- ২০০৯ থেকে ২০১০ এবং ২০২০ থেকে ২০২১; নিচের ডান দিক থেকেঃ কাপ্টেন মাহমুদ হায়দার খান ২০১১ ও ২০১৮, মিঃ জাহাঙ্গীর হোসেন -২০১৩ ও ২০১৪ এবং ড দাউদ আহমেদ ২০১২, ২০১৫ থেকে ২০১৭ এং ২০১৯)

উদযাপনে বিনম্রচিত্তে স্মরণ করেছেন। ১০ জন প্রেসিডেন্ট ও ১৫জন জেনারেল সেক্রেটারিদের তালিকা প্রকাশ করেছেন যারা এই ত্রিশ বছরের বিভিন্ন সময়ে অন্যান্য নেতা, কর্মী ও স্বেচ্ছাসেবীদের নিয়ে তাদের পেশাগত, ব্যাক্তিগত, পারিবারিক ও সামজিক সময় থেকে তাদের মূল্যবান সময়সমূহ বের করে সোসাইটির বৃহৎ কর্মযজ্ঞে ব্যবহার করেছেন। তারা কোন প্রতিদান পাওয়ার আশায় কিছু করেননি বরঞ্চ তারা এই সংগঠনসহ বাংলাদেশী ও বাংলা ভাষাভাষীদের নিউজিল্যান্ডে মুখউজ্জ্বল করার জন্য নিরন্তর চেষ্টা করে গেছেন এবং যাচ্ছেন। সোসাইটি এই উপলক্ষ্যে তাদের ফাউন্ডার মেম্বারদের তালিকাও প্রকাশ করেছেন।

(উপরের ডান দিক থেকেঃ মিঃ মিজান খান ১৯৯১ থেকে ১৯৯২, ডাঃ নুরুল মোমেন ১৯৯৩ থেকে ১৯৯৫, ডাঃ ফিরোজ আহমেদ স্বপন ১৯৯৬ থেকে ১৯৯৭, মিঃ আব্দুল মোত্তালেব ১৯৯৮, ড দাউদ আহমেদ ১৯৯৯ ও ২০০৫, মিসেস আয়েসা আহমেদ ২০০০ ও ২০০৪, মিসেস সায়েদা আখতার ২০০১ থেকে ২০০৩, মিঃ রুবাইয়েত খান ২০০৬ ও ২০১২, মিঃ শাহরিয়ার ইয়েমেন খান ২০০৭, মিঃ রেজাউর রহমান ২০০৮, মিঃ মোহাম্মদ হোসেন শমি ২০০৯, মিঃ রেজা চৌধুরী রুবেল ২০১০, মিঃ সাকিব ইমরান ২০১১, মিঃ মসি ইউ আহমেদ তাপস ২০১৩, মিসেস লাকী নাহার ২০১৪ থেকে ২০১৬, মিঃ সানি করিম ২০১৭ থেকে ২০১৮ ও ড মোহাম্মদ নাসির উদ্দিন মিয়া ২০১৯ থেকে ২০২১)

বাকী অংশ পরবর্তী কলামে

রিপোর্টঃ বাংলাদেশ নিউজিল্যান্ড ফ্রেন্ডশীপ সোসাইটির ৩০বছর উদ্‌যাপন

বাকী অংশঃ

এই ৩০তম বার্ষিকীকে ধরে রাখার জন্য সোসাইটি দুটি অনুষ্ঠানের আয়োজন করে। প্রথমটি অনুষ্ঠিত হয় ১৭ই জুলাই, সোসাইটির অফিস সংলগ্ন হলে। এটি ছিল ৩০ বছর উপলক্ষ্যে আয়োজিত নৈশ ভোজন ও ৩০ বছরের স্যুভেনির বিতরণ। এই অনুষ্ঠানে অংশ নেয় শুধুমাত্র বর্তমানের ফাইন্যান্সিয়াল মেম্বার ও কিছু আম্নত্রিত পুরানো সাধারন সদস্য, পূর্বের কার্যকরী পরিষদের সদস্য ও সদস্যা এবং নির্ধারিত ব্যক্তিবর্গ। এই অনুষ্ঠানে সোসাইটির বিভিন্ন প্রোগ্রাম ও তার কার্যক্রমের ইতিহাস ও ক্রমবর্ধমান পরিধির বর্ননা দেয়া হয় ও সদস্য ও সদস্যাদের সম্প্রিক্ততার আহবান জানানো হয়। সকল আগত সদস্য ও অথিতিদের সুভ্যেনির

হিসেবে ৩০বছর উপলক্ষ্যে বানানো সোসাইটির পূর্তির মনোগ্রাম ও কার্যক্রম সম্বলিত খচিত একট সিরামিকের মগ ও কলম দেয়া হয়। কাকতলীয়ভাবে এই দিনেই সোসাইটির ১০ বছর বন্ধ থাকা রেডিও প্রোগ্রামের প্রথম অনুষ্ঠানটি আবার চালু করা হয়। সবশেষে, ৭ কোর্সের শুধুমাত্র বাংলদেশিয় ক্যাটারারদের তৈরী দেশীয় সুস্বাদু খাবার দিয়ে নৈশভোজের ব্যাবস্থা ছিল খুবিই শৃংখলাবদ্ধ। ২৫ শে জুলাই রকেট পার্কের হলে দ্বিতীয় অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানটি ছিল সবার জন্য উন্মুক্ত। বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এই পরিচ্ছন্ন অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়।

মাগরিব নামাজের পর কোরান তেলোওয়াতের মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হয়। মিঃ আতাউর রহমান *(JP, MNZM, ex-Honorary Consular of Bangladesh in New Zealand)* অনুষ্ঠানটি উদ্বোধন করেন। ডাঃ মোহাম্মদ ইসলাম সাখু বর্তমান প্রেসিডেন্ট অনুষ্ঠানটিতে সোসাইটির জন্মলগ্নের

বৃত্তান্তসহ সোসাইটির সাংগঠনিক প্রক্রিয়া, সাংগঠনিক (community) স্পন্সরশীপ, স্পন্সরশিপ থেকে আয় ও আয়ের বৈধতা, বাড়ীক্রয়, নিউজিল্যান্ড অভিবাসন দপ্তরের (New Zealand Immigration Services) বাংলাদেশের উপর ইমিগ্রেশনের নিরীক্ষা (audit), সোসাইটির কার্যক্রমের স্বচ্ছতার দলিলসহ সোসাইটির নিউজিল্যান্ডে বাংলাদেশের ভাবমূর্তির উজ্জ্বল করার বহুবিধ কার্যক্রমের একটি তথ্যমূলক বিবরনী উপস্থাপন করেন। এছাড়াও তিনি সোসাইটি ৩০বছর ধরে

পরবর্তি অংশ ৩য় পাতায়...

২য় পাতার ২য় কলামের পর...............

রিপোর্টঃ বাংলাদেশ নিউজিল্যান্ড ফ্রেন্ডশীপ সোসাইটির ৩০বছর উদ্‌যাপন

বিভিন্ন কার্যক্রমের ফিরিস্তি তুলে ধরেন। এর মধ্যে সরকারী, বেসরকারী ও নিউজিল্যান্ডের অন্যান্য কমিনিউটির সাথে সংযোগ স্থাপন, , রিফিউজি ও অভিবাসীদের জন্য স্থায়ীকরনের প্রয়োজনীয় পরামর্শ, পদক্ষেপ ও সরাসরি সাহায্য সহযোগিতার বিরল দৃষ্টান্ত, বর্হিবশ্বের বাংলাদেশী সংগঠনগুলোর সাথে সম্পৃক্ততা, বাংলাদেশস্থ সরকারী, বেসরকারী, ব্যবসায়ী ও সমাজসেবীদের সাথে সংযোগ স্থাপন ও এই দীর্ঘ পথচলায় বিভিন্ন সাথী ও কর্মীদের সাহায্য সহযোগিতার বিবরনী উপস্থাপন করেন। এছাড়াও বিভিন্ন সময়ে বিভিন্ন মানুষ বহুবিধ সমস্যার কারনে সোসাইটি যে সাহায্য ও সহযোগিতা করেছেন তার একটি সাধারন উপাত্ত দেয়া হয়। ডাঃ সাখু ১৯৮১ থেকে ২০১৮ পর্যন্ত বাংলাদেশিদের নিউজিল্যান্ডে বসবাসেরও একটি পরিসংখ্যান চিত্র উপস্থাপন করেন। সর্বশেষে তিনি সোসাইটির প্রতিটি কার্যক্রমের ধারাবাহিক বর্ননা দেন ও এর সুফল কিভাবে বাংলাদেশী ও বাংলা ভাষাভাষীদের উপকৃত করছেন তার একটি স্বচ্ছ ধারনা দেন।

সোসাইটির বিশেষ কার্যক্রমগুলির মধ্যে এডভোকেসি-নেটওয়ার্কিং-মেন্টরিং প্রোগ্রাম, পাব্লিকেশন (বার্ষিক আয়োজন ও মাসিক নিউজলেটার দেশি হুইস্পার), রেডিও একতারা ও অডিও ভিজুয়াল প্রডাকশন (৪টি সিডী প্রকাশনা- প্রতিধ্বনি-১ ও ২, উত্তরসূরী ও বাচ্চাদের অডিও মুরগি ডাকে কুক্‌ডুকু উল্লেখযযোগ্য), বাংলা লাইব্রেরী ও সিএমআরডি (Centre for Migrant Research and Development)। এছাড়াও সোসাইটির আরও যে কার্যক্রম আছে সেগুলো হলঃ ক্যাম্পিং-ফিটনেস-স্পোর্টস্‌, ভলান্টিয়ার প্রোগ্রাম ও বাংল স্কুল (দীপশিখা)। সোসাইটির একটি নিজস্ব বাড়ী/ইউনিট আছে যেটি ভাড়া দেয়া ও তার আয় দিয়ে এর মর্গেজ পরিশোধ করা হয়েছে। এটি বর্তমানে ফ্রিহোল্ড। এর সংগৃহিত ভাড়া দিয়ে সোসাইটির কার্যক্রম চালানো হয়। একটি অফিস পেয়েছে অকল্যান্ড সিটি কাউন্সিল থেকে যেখান থেকে সোসাইটির বিবিধ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। সোসাইটির ওয়েভ পেজটি ২০০৪ সালে প্রথম অর্ন্তজালে প্রতিষ্ঠিত করে। এরপর অনেক চড়াই উৎরাইয়ের পর এইবার এ পেজটিকে নতুনভাবে ঢেলে যুগোপযোগী করে সাজানো হয়েছে ও সহজ ব্যাবহারযোগ্য করে তৈরী করা হয়েছে।   এই উপস্থাপনায় ডাঃ সাখু উপসংহারে বলেন, বর্তমা্নে নিউজিল্যান্ডে বসবাসকারী বাংলদেশীদের সোসাইটি বা কমিউনিটি প্রতিষ্ঠানের প্রয়োজন ও ব্যবহারের মাত্রা ভিন্ন । সেজন্য দরকার কার্যক্রমগুলির পূর্নবিন্যাস ও যুগোপযোগী করে তোলা, যাতে সাধারন বাংলাদেশীরা এর (সোসাইটির) প্রয়োজনীয়তা অনুধাবন ও ব্যবহার করতে উৎসাহী হন।

এরপর সোসাইটির ত্রিশবছরের মনোগ্রাম সম্বলিত একটি কেক কেটে অনুষ্ঠানটির উদযাপন করা হয়। সাথে সাথে একটি মনোজ্ঞ কালচারাল অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। একটি বাচ্চাদের নাচ, সাইদের সলো গান ও স্যান্ডপাইপারের ব্যান্ডের (দিপু, রেজওয়ান স্নেহাশীষ ও সেমী) মনমাতানো ব্যান্ড সংগীত ছিল এই অনুষ্ঠানটির বিশেষ আকর্ষন। সোসাইটির সাধারন সম্পাদক ডঃ মোহাম্মদ নাসিরউদ্দিন মিয়া সকলকে ধন্যবাদের মাধ্যমে অনুষ্ঠানটির পরিসমাপ্তি টানেন।

অনুষ্ঠনটি পরিচালনা করেন- শাহরিয়ার ইয়েমেন খান ও দিলরুবা সুলতানা সোমা।

নিউজিল্যান্ড সংবাদঃ (২৫ জুলাই থেকে)

২৬ শে জুলাইঃ আস্ট্রলিয়াতে আটকে পড়া নিউজিল্যান্ডারদের ফিরিয়ে আনার জন্য সরকার যথাযথ ব্যাবস্থা নিয়েছেন। কোভিড-১৯এর নতুন ডেল্টার (ভারতীয়) ভ্যারিয়েন্ট প্রকোপের কারনে কোয়ারেন্টাইন ব্যতিরেকে ভ্রমন ৮ সপ্তাহের জন্য বন্ধ করা হয়। তবে নিউ সাইথ ওয়েলস থেকে আগতদের বাধ্যতামূলক ম্যানেজড আইসোলেশনে থাকার ব্যবস্থা নেয়া হয়। প্রায় ২১ হাজারের মতো নিউজিল্যান্ডাররা অস্ট্রেলিয়াতে কোভিডের কারনে সম্প্রতি আটকা পড়ে।

২৭ শে জুলাইঃ মটরহোম ও ঘোড়া টানা গাড়ীর (horse trucks) মালিকদের জন্য দুশ্চিন্তা ও হেভী ভেহিকেল ইঞ্জিনিয়ারদের জন্য সুখবর। সম্প্রতি ওয়াকা কোটাহি বা NZTA নতুন নিয়ম প্রবর্তন করায় প্রতিটি মটরহোম ও ঘোড়া টানা ট্রাক যদি ২০০৫ সালের পরে তাদের চলযানের ভিতরে কোন পরিবর্তন করে থাকে তবে তাদের মালিকদের হেভী ভেহিকেল ইঞ্জিনিয়ার দ্বারা নিরাপদ নিশ্চয়তার সার্টিফাইড করাতে হবে। এই নিয়ম পরিবর্তনে হেভী ভেহিকেল ইঞ্জিনিয়ারগন খুবই ব্যস্ত হয়ে পড়েন। অনেকের হাফ মিলিয়ন ডলারের মটরহোম বা ঘোড়াটানা ট্রাক বিদেশে থেকে এনে কিছু সংযোজন ও বিয়োজন করেছেন। এই নতুন নিরাপত্তা নিশ্চয়তার জন্য প্রতিটি এই ধরনের ভেহিকেলের জন্য অতিরিক্ত ১৫ থেকে ৩০ হাজার পর্যন্ত খরচ হবে যা অনেকের জন্য কষ্টকর।

২৮শে জুলাইঃ সরকার ২০৩০ সালের মধ্যে নিউজিল্যান্ড থেকএ হেপাটাইটিস সি নির্মূল করার নির্ধারন করেছেন। এজন্য এবছ্র ২.২ মিলিয়ন ডলারের বিনামূল্যের ইঞ্জেকশন সিরিঞ্জ মাদকসেবীদের সরবরাহ করবেন। এসোসিয়েট মিনিস্টার আয়েশা ভেরাল এই ঘোষনয়া দেন। নিউজিল্যান্ডে প্রায় ৪৫ হাজার মানুষ এই রোগের শিকার। হেপাটাইটিস সি ভাইরাসে আক্রান্তদের চিকিৎসা মেরিভেট ২০১৯ সাল থেকে সরকারী ভর্তুকির মাধ্যমে এখন পাওয়া যাচ্ছে।

২৯ শে জুলাইঃ সরকার রকেট ল্যাব লিঃ-কে মহাশুন্যে আমেরিকার উপগ্রহ নিক্ষেপনে তাদের অনুমোদন দিয়েছেন। আজকে রকেট ল্যাব লিঃ মাহিয়া পেনিনসুলা, হোকস্‌ বে থেকে রিসার্চ এন্ড ডেভোলপমেন্ট উপগ্রহটি নিক্ষেপ করেছ্ন। যদিও রকেট ল্যাব আমেরিকার স্বরাস্ট্রের মন্ত্রনালয়ের উপগ্রহ প্রেরন করেন তারপরেও তারা স্থানীয় লোকজনকে প্রতিশ্রুতি দিয়েছেন তাদের স্থানসূহ কোনোভাবে কাউকে সামরিক শক্তি ব্যবহারের জন্য দেয়া হবে না। ৭ই আগষ্ট- রকেট ল্যাব নাসার হয়ে একটি লুনার অরবিটে স্যাটেলাইট পাঠাবে যা ভবিষ্যতে নাসা নভোযাত্রী পাঠাতে সহায়ক হবে।

১লা আগষ্টঃ সম্প্রতি সরকারের বর্ধিত সাধারন ক্ষমার আওতায় নতুন করে ১০০০ বন্ধুক ও গান ফিরেকেনা (buyback) প্রোগ্রামে জমা পড়েছে। আজ ছিলো এই সাধারন ক্ষমার শেষ তারিখ (১লা আগষ্ট)। এজন্য অতিরিক্ত ২.৪মিলিয়ন ডলার ফিরেকেনাতে ব্যয় করা হয়েছে।

৩রা আগষ্টঃ ফল-মুল, শাক-সব্জি উৎপাদনকারী ও ওয়াইন প্রস্তুতকারকদের জন্য নতু RSE (Recognised Seasonal Employment scheme)-এর আওতায় প্যাসিফিক দ্বীপপুঞ্জ দেশগুলি থেকে সিজিওন্যাল শ্রমিক আনার ব্যবস্থা নেয়া হয়েছে। এই স্কীমের আওতায় শ্রমিকগন এমআইকিউ ব্যতিরেকে সরাসরি কাজে যোগ দিতে পারবে। গত মাসে নিজজিল্যান্ড ইমিগ্রেশন প্রায় ৫০ হাজার অস্থায়ী ভিসা আবেদন বাতিল করেছেন যাদের মধ্যে অনেকে তাদের অনেকেই নিউজিল্যান্ডের নাগরিক বা স্থায়ী বসবাসকারিদের পার্টনার রয়েছেন।

অন্য খবরে জানা গেছে যে অকল্যান্ড সিটি কাউন্সিল আরো ৫মিলিয়ন ডলার দিয়ে সর্বমোট ৩৫ মিলিয়ন ডলার ব্যয় করে কাউন্সিলের নিজস্ব পশ্চিম অকল্যান্ডে অবস্থিত ফিল্ম স্টুডিতে দুটি নতুন ২০০০ বর্গমিটারের সাউন্ড স্টেজ নির্মানের ব্যবস্থা নিয়েছেন। অকল্যান্ড কাউন্সিললের এই স্টুডিওতে নামকরা বেশ কিছু ছবি তৈরী করেছে, যেমন- জিনাঃ ওয়ারীওর প্রিন্সেস , দি ক্রোনিকলস অব নারিনা, হয়েল রাইডার, পাওয়ার রেঞ্জার ও আরো অনেক।

৪র্থ আগষ্টঃ ২০ লাখ কোভিড ভ্যাক্সিন দেয়ার টার্গেট নিউজিন্যান্ড অর্জন করেছেন।

৫ই আগষ্টঃ ইমিগ্রেসন নিউজিল্যান্ড আমেরিকার গুগল বিলিনিয়র ল্যারী পেজকে নিউজিল্যান্ডে প্রবেশ করার অনুমতি দিয়েছে। তার আবেদনটি করা হয়েছিল ১১ জানুয়ারী এবং সকল ফরমালিটি নিশ্চয়তার পরই তাকে এই অনুমোদনটি দেয়া হয়। ল্যারী পেজের অসুস্থ বাচ্চাকে নিয়ে আসার জন্য নিউজিল্যান্ডের একটি এয়ার এম্বুলেন্স একজন আইসিইউ নার্সসহ ফিজি থেকে বাচ্চাসহ পুরো পরিবারকে নিয়ে আসে। অসুস্থ বাচ্চাকে মেডিভ্যাক্সে আওতায় আনা হয়। আনার সাথে সাথে বাচ্চা ও পরিবারকে অকল্যান্ড হাস্পাতালের আইসোলেশনে নিয়ে যায়। পরিবারটি ফিজিতে কোভিড-১৯ মহামারীর সময়ে নিভৃতে দিন কাটাচ্ছিলেন। কিন্তু ফিজিতে মহামারী আঘাত আনায় তারা নিউজিল্যান্ডে আসতে চান। প্রতিবছর প্রায় ১০০জনের উপরে মেডিভ্যাক্সের আওতায় চিকিৎসার জন্য নিউজিল্যান্ডে অসুস্থ রোগীদের নিয়ে আসা হয়। এই সিদ্ধান্তটি মূলতঃ ক্লিনিক্যাল, কোন রাজনৈক বা ব্যবসায়িক নয়।

৬ই আগষ্টঃ নিউজিল্যান্ড ইমিগ্রেশন আমেরিকার বিলিনিয়রকে রেসিডেন্সী দিয়েছেন এবং তিনি তার প্রয়োজনমত নিয়ম-কানুনের মধ্যে থেকে ভ্রমন করতে পারবেন।

৯ই আগষ্টঃ সরকারী ভাতাগ্রহকারীদের উপর নিষেধাজ্ঞা আরোপের কারনে অনেকেই খুবিই কঠিন সংকটে পড়তে পারেন। তবে, অনেকেই জানেন না যে তারা এই নিষেধাঞ্জার বিরুদ্ধে আপত্তি জানাতে পারেন। এবং এটা যদি করে থাকেন তবে বেশিরভাগ সময়েই এই নিষেধাঞ্জা বাতিল করা হয়। ক্রাইস্টচার্চের বেনিফিসিয়ারি আডভাইজারী সার্ভিসের এক সমীক্ষায় দেখা গেছ বেশিরভাগ লোকেই জানে না কি কারনে তাদের সরকারী ভাতা গ্রহনের উপর নিষেধাঞ্জা জারি হয়েছে। বেশ কিছু কারনে সরকারী ভাতা বন্ধ করে দিতে পারে, তার মধ্যে তিনটি কারন প্রধান- ১) যদি সোস্যাল ওয়েল ফেয়ার অফিসের অ্যাপয়ন্টমেন্টে না আসলে, কাজ না খোজে ও সময়ে সময়ে ড্রাগ টেস্ট না করে থাকে। যাদের ভাতা বিভন্ন কারনে বন্ধ হলে এমন অনেকেই আছেন যারা বেশ কিছুদিন কোন খাবার ছাড়া বা প্রয়োজনীয় বিলসমূহ না দিয়ে বা তাদের ঔষধ না খেয়ে থাকেন। এরা আবার অতিরিক্ত অ্যাংজাইটিতে ভুগে থাকেন। অন্য একটি সংবাদে বলা হয়েছে, বিদ্যুতের অতিরিক্ত চাহিদার জন্য নিউজিল্যান্ডের কোনো কোনো অংশে সোমবার রাতে ইলেকট্রিসিটি কম্পানিগুলো বিদ্যুৎ সরবারহ বন্ধ করে ছিল। তবে কনজুমার এসোসিয়েশন ঐ সকল অঞ্চলের সরবরাহকারী কোম্পানীগুলোকে ভোক্তাদের ভর্তুকি দেয়ার নির্দেশ দিয়েছেন।

১২ই আগষ্টঃ প্রাইম মিনিস্টার জেছিন্ডা আর্ডন সম্প্রতি পর্যায়ক্রমে ২০২২ সালের প্রথম দিকে সীমান্ত খোলার ঘোষণা করেছেন। সম্পূর্ন ভ্যাক্সিনেটেড মানুষেরা বিভিন্ন সরকার কর্তৃক নির্ধারিত দেশ থেকে আসা নিজ ব্যাবস্থায় আইসোলেশন থাকবেন। দেশগুলো তিন ধরনের নির্ধারিত করা হয়েছ, যেমন সবচেয়ে কম, মাঝারি ও অধিক ঝুকিপূর্নমাত্রা দেশ।

১৭ই আগস্টঃ কমিউনিটিতে একটি ডেল্টা ভেরিয়েন্ট কোভিড কেস সনাক্ত করার পর সরকার লেভেল ৪ লকডাইন অকল্যান্ড ও করোমন্ডলের জন্য একসপ্তাহের ও বাকী অঞ্চলের জন্য ৩ দিনের ঘোষনা করেছেন।

২০শে আগস্টঃ লেবার পার্টির হেলেন ক্লার্কের সময়ের (১৯৯৯ থেকে ২০০৮) সবচেয়ে নিউজিল্যান্ডের সফল সাবেক অর্থমন্ত্রী ও ডেপুটি প্রধানমন্ত্রী (সুপারনুয়েশন ও কিউসেভারের প্রনেতা) স্যার মাইকেল কালেন আজকে শেষ নিঃস্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৬ বছর।।

Society's News:

গত ১৭ই জুলাই ২০২১ থেকে প্লানেট এফএম ১০৪.৬ ব্যান্ডে সন্ধ্যা ৬.৪৫ মিনিট থেকে ৭.২০মিনিট পর্যন্ত প্রতি শনিবার সোসাইটির বাংলা অনষ্ঠান পচারিত হচ্ছে।

ADVOCACY NETWORKING AND MENTORING SERVICES

নির্ধারিত ২১ শে আগস্টে সিএমআরডির ইন্টারনেট সিকিউরিটির উপর সেমিনারটি কোভিড লকডাইনের জন্য স্থগিত করা হয়েছে। কোভিডের লকডাউন শেষ হলে আবার তারিখ ও সময় জানানো হবে।

DESHI WHISPER Billingual Newsletter
DESHI WHISPER BNZFS'S MONTHLY PUBLICATION

আয়োজনঃ বার্ষিক ম্যাগাজিন, ডিসম্বর-জানুয়ারী ২০২১-২২ সংখ্যার জন্য লেখা আহবান জানাচ্ছি।
দেশি হুইস্পারঃ মাসিক নিউজলেটারের জন্য আপনাদের সহযোগিতা প্রয়োজন।

What's happening around?!!

লিসা ক্যারিংটন (জন্ম ২৩ শে জুন ১৯৮৯), নিজুজিল্যান্ডের সফল ফ্লাট ওয়াটার ক্যানোয়িস্ট অলিম্পিয়ান। পাঁচটি স্বর্ন ও একটি ব্রোঞ্জ পেয়ছেন এইবারের ২০২১সালের টোকিও অলিম্পিকে। তার জন্ম তাউরাঙ্গায়, কিন্তু বড় হয়েছেন ফাকাতানিতে।

নিউজিল্যান্ড দল প্রথম টেস্ট চ্যাম্পিয়ন। নিউজিল্যান্ডের ব্লাকক্যাপস্ দলটি ভারতীয় দলকে সংরক্ষিত দিনের খেলায় হারিয়ে প্রথম টেস্ট চ্যাম্পিয়নশীপের শিরোপা অর্জন করেন

বাংলদেশ ক্রিকেট দল সম্প্রতি সফররত আস্ট্রেলিয়া দলকে ৫ সিরিজের টি-টুয়েন্টি খেলায় ৪-১ পরাজিত করে সিরিজ জয় করেছেন।

Advertisements

Planet FM 104.6

The Asian Network Incorporated

Contact for advertisement

Contact for advertisement

Contact for advertisement

Sponsored/Supported by

Te Tari Matawaka — Office of Ethnic Communities

global finance — your best interest since 1999

Auckland Council — Te Kaunihera o Tāmaki Makaurau

SHANTI NIWAS CHARITABLE TRUST — Aged Care Support Services

EACH CULTURE UNITES THROUGH UNDERSTANDING TO STRENGTHEN N.Z. SOCIETY

BNZFS's some programs & activities

আয়োজন AYOJON

RADIO EKTARA রেডিও একতারা

BNZFS VOLUNTEERS

CMRD Centre for Migrant Research & Development

BNZFS SPORTS FITNESS CAMPING

BANGLA LIBRARY

Disclaimer:
The views and opinions expressed in this publication are those of the authors and do not necessarily reflect the BNZFS's official policy or position or its publication committee. Therefore, BNZFS does not hold any responsibilities expressed any content written by the authors.

BANGLADESH NEW ZEALAND FRIENDSHIP SOCIETY INC. ESTD 1991

Deshi Whisper is a monthly Newsletter of Bangladesh New Zealand Friendship Society Inc (BNZFS)
Editor in Chief: Dr. Mohammed Islam (Shakhu), Editor: , Ayojon & Newsletter Editorial Board.
Publisher: BNZFS Publication Committee. Address: 3 Rowe Street, Onehunga, Auckland 1023, New Zealand.
For Correspondence: Email: ayojon.newsletter@gmail.com PO Box: 16032, Sandringham, Auckland 1351, NZ.
Please visit our webpage: www.bnzfs.org
ISSN: 2815-7931